

কালের বর্ধ

ফরিদপুরে প্রশাসনের হস্তক্ষেপে বন্ধ হলো বাল্য বিবাহ

নিজস্ব প্রতিবেদক, ফরিদপুর

১৬ জুলাই, ২০১৮ ২৩:৪৯



ফরিদপুরে বেসরকারি আইনি সহায়তা সংস্থা ব্লাস্টের সহযোগিতা ও প্রশাসনের হস্তক্ষেপে পঞ্চম শ্রেণির এক ছাত্রীর বাল্য বিবাহ বন্ধ হয়ে গেছে। এ ঘটনাটি ঘটেছে আজ সোমবার বিকেলে ফরিদপুর সদর উপজেলার নর্থচ্যানেল ইউনিয়নের ইউসুফ মাতুব্বরের ডাঙ্গি গ্রামে।

ব্লাস্ট, ফরিদপুরের অ্যাডভোকেসি কর্মকর্তা হাসিনা মমতাজ লাভলী জানান, ওই গ্রামের এক কৃষক তার পঞ্চম শ্রেণিতে পড়ুয়া (১৩) মেয়ের বিয়ে ঠিক করেন একই গ্রামের এক কৃষকের সাথে। আজ সোমবার বিকেলে বিয়ের অনুষ্ঠানের আয়োজন করা হয়। ঘটনাটি প্রশাসনকে জানানো হয়।

এ খবর পেয়ে ফরিদপুর সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. পারভেজ মল্লিক মেয়ের বাড়িতে ছুটে যান। সেখানে অভিভাবকসহ উপস্থিত সকলকে বাল্য বিয়ের কুফল সম্পর্কে বুঝিয়ে বলা হলে মেয়ের বাবা বিয়ে না দিতে রাজি হয়ে মুচলেকা দেন। ফরিদপুরের সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. পারভেজ মল্লিক ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, ওই কৃষক মেয়ের বয়স ১৮ বছর না হলে বিয়ে দেবেন না মর্মে মুচলেকা দিয়েছেন।